

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



সৃজনশীল বাংলাদেশ



বাংলাদেশ শিল্পকলা একাডেমি

মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি

এবং

সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৮- ৩০ জুন ২০১৯

সূচিপত্র

উপক্রমগিকা.....	০৩
বাংলাদেশ শিল্পকলা একাডেমির কর্মসম্পাদনের সার্বিক চিত্র.....	০৪
সেকশন ১: বাংলাদেশ শিল্পকলা একাডেমির রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি.....	০৫
সেকশন ২: বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব.....	০৬
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.....	০৭
সংযোজনী ১: শব্দ সংক্ষেপ.....	১২
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি.....	১৩
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা.....	১৫

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি

এবং

সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

বাংলাদেশ শিল্পকলা একাডেমির কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Bangladesh Shilpakala Academy)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

বাংলাদেশ শিল্পকলা একাডেমির গুরুত্বপূর্ণ অর্জনগুলোর কর্মকাণ্ডের মধ্যে, দেশের ৯৬৬জন গুণীশিল্পীকে সংস্কৃতির বিভিন্ন ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য সম্মাননা প্রদান, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন, সংস্কৃতির বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং সাংস্কৃতিক বিনিময় চুক্তির আওতায় পৃথিবীর বিভিন্ন দেশে দল প্রেরণ। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে নির্মাণ হয়েছে অত্যাধুনিক নন্দনমঞ্চ। সম্প্রতি ১৭তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী, ঢাকা আর্ট সামিট, সার্ক হ্যান্ডিক্রাফট ফেস্টিভ্যাল, সার্ক ফোক ডান্স ফেস্টিভ্যাল, এশিয়ান থিয়েটার সামিট, শিক্ষদের জন্য ড্রামা ইন এডুকেশন বিষয়ক কর্মশালা, নেপাল আর্ট ফেয়ার আয়োজন করা হয়েছে। মূল্যবোধের নাট্যেৎসব ২০১৫ ঐতিহ্যবাহী নাট্য প্রদর্শনীর ডকুমেন্টেশন, ৬৪টি যাত্রাপালা নির্মাণ, নাটক, চলচ্চিত্র, আবৃত্তি, সংগীত, নৃত্য, চারুকলা, অ্যাক্রোবেটিক ও ফটেগ্রাফিসহ শিল্পের বিভিন্ন শাখায় দেশের শিশু, কিশোর, যুব ও প্রবীণদের অংশগ্রহণে শিল্পযজ্ঞের আয়োজন করা হয়েছে। জাতীয় চারুকলা প্রদর্শনী, নবীন শিল্পী চারুকলা প্রদর্শনী, জাতীয় ভাস্কর্য প্রদর্শনী, ৭ মার্চের ভাষণ প্রতিযোগিতা, শুদ্ধসুরে জাতীয় সংগীত প্রতিযোগিতা আয়োজন, শুদ্ধ জাতীয় সংগীতের ১০ হাজার সিডি বিতরণ, বাংলাদেশ চলচ্চিত্র উৎসব ২০১৬, বাংলাদেশ সাংস্কৃতিক উৎসব ২০১৬, বাংলাদেশ স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্র উৎসব ২০১৬, বাংলাদেশ শিশু চলচ্চিত্র উৎসব ২০১৭, দেশের বিভিন্ন বধ্যভূমিতে মুক্তিযুদ্ধভিত্তিক পরিবেশ থিয়েটার 'বৈদ্যনাথতলা থেকে মুজিবনগর' এবং 'রংপুর কনসেনট্রেশন ক্যাম্প' নাটক নির্মাণ, শিল্পের আলোয় ভাষা আন্দোলন, শিল্পের আলোয় মহান মুক্তিযুদ্ধ এবং শিল্পের আলোয় বঙ্গবন্ধু শীর্ষক অনুষ্ঠানমালা আয়োজন। পুতুলনাট্য বিষয়ক কর্মশালা ও অনুষ্ঠান আয়োজন, দেশের ২০০০ স্কুলে বাংলা সঙ্গীত-সংস্কৃতি শিক্ষণ কর্মসূচি পরিচালনা, বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ মেমোরী অফ দ্যা ওয়ার্ল্ড হেরিটেজে যুক্ত হওয়ায় এবং স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের উত্তরণ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। শিশু চলচ্চিত্র নির্মাণ কর্মশালার আয়োজন; মাদকাসক্তি, জঙ্গীবাদ ও মূল্যবোধের অবক্ষয় রোধে সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনা। বিগত ৩ বছরের আয়োজিত উৎসবগুলোর মধ্যে আরও রয়েছে জাতীয় পর্যায়ে যাত্রা উৎসব, বঙ্গবন্ধু সাংস্কৃতিক উৎসব, শাস্ত্রীয় সঙ্গীত ও নৃত্য উৎসব, জাতীয় যন্ত্র সঙ্গীত উৎসব এবং জাতীয় পিঠা উৎসব। লুপ্ত প্রায় ১৩ হাজার লোক সংগীত সংগ্রহ ও সংরক্ষণ, ৮টি উপজেলা শিল্পকলা একাডেমি নির্মাণ এবং হালুয়াঘাট, নওগাঁ ও দিনাজপুর ক্ষুদ্র নৃগোষ্ঠী একাডেমি নির্মাণ বাংলাদেশ শিল্পকলা একাডেমির সাম্প্রতিক উল্লেখযোগ্য অর্জন।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

জাতীয় সংস্কৃতি ও ঐতিহ্যের প্রসারে আকাশ সংস্কৃতির আত্মসন, মৌলবাদী চিন্তার প্রভাব, সনাতনী মনোভাব, পুঁজি-শাসিত সংস্কৃতির আত্মসন প্রতিরোধের মাধ্যমে দেশীয় সংস্কৃতির বিকাশ ও সংরক্ষণ, অবকাঠামোগত উন্নয়ন, প্রবিধানমালা সংশোধন, আইটি সেল গঠন, ইঞ্জিনিয়ার সেল গঠন এই প্রতিষ্ঠানের বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যত পরিকল্পনা

শিল্প সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গঠনের লক্ষ্যে বছরব্যাপী বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন, উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ, বিভাগীয়, জেলা এবং উপজেলা শিল্পকলা একাডেমির জন্য প্রয়োজনীয় পদ সৃষ্টি, ইনটেনজিবল কালচারাল হেরিটেজ এর উপর গ্রন্থ প্রকাশ, ইউনেস্কোর সাথে কার্যক্রম পরিচালনা, জাতীয় চিত্রশালার শিল্পকর্মের সংগ্রহের পরিমাণ বৃদ্ধি, সাংস্কৃতিক সংগঠন সমূহের সাথে যৌথ কার্যক্রম পরিচালনা, শিশু-কিশোর ও যুবদের জন্য সৃজনশীল সাংস্কৃতিক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন, শুদ্ধ জাতীয় সংগীত প্রশিক্ষণের আয়োজন, শিশু-কিশোর ও যুবদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা ও উৎসব আয়োজন, হাওর সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ, কেন্দ্রীয় এবং জেলা শিল্পকলা একাডেমিসমূহের সংস্কার ও আধুনিকীকরণ, ১২ টি জেলা শিল্পকলা একাডেমি নির্মাণ, বাংলাদেশের ১২জন প্রখ্যাত শিল্পী ও কবির নামে স্মৃতিকেন্দ্র নির্মাণ; প্রবীণ, অটিস্টিক, প্রতিবন্ধী ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন এবং সংস্কৃতি বিষয়ক গ্রন্থ, বুলেটিন ও পত্রিকা প্রকাশ।

২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ৫০জন প্রয়াত গুণী ব্যক্তির স্মরণে অনুষ্ঠান আয়োজন;
- নাটক, যাত্রা, চলচ্চিত্র, সঙ্গীত, নৃত্য, আবৃত্তি এবং পুতুলনাট্য অনুষ্ঠান ও উৎসব আয়োজন;
- জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন;
- জাতীয় ও জেলা ভিত্তিক প্রায় ১৬টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন;
- সৃজনশীল ও গবেষণামূলক প্রায় ৫টি পুস্তক ও ১২টি পত্রিকা প্রকাশ;
- বিভিন্ন বিষয়ে প্রায় ৫টি উৎসব আয়োজন;
- প্রায় ১৫টি চারুকলা প্রদর্শনী ও ২টি আর্ট ক্যাম্প আয়োজন;
- দেশের লুপ্তপ্রায় সাংস্কৃতিক উপাদান সংগ্রহ, সংরক্ষণ ও গবেষণা এবং
- আন্তর্জাতিক অনুষ্ঠান ও বিদেশী অতিথীদের জন্য অনুষ্ঠান আয়োজন।

সেকশন ১:

রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি

১.১ রূপকল্প

শিল্প-সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ।

১.২ অভিলক্ষ্য

জাতীয় সংস্কৃতি ও কৃষ্টির উন্নয়ন, সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ ও প্রসারের মাধ্যমে সকল মানুষের জন্য শিল্প সংস্কৃতির আবহ তৈরি করে শিল্প-সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গঠন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ

- ক. হাজার বছরের বহুত্ববাদী ঐতিহ্যের ভিত্তিতে ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের মূল্যবোধের চেতনায় শিল্প সংস্কৃতির উৎকর্ষ সাধন;
- খ. শিল্পী ও সংস্কৃতিকর্মীর গুণগতমান উন্নয়ন এবং
- গ. শিল্প সংস্কৃতির আবহ তৈরি করা।

১.৪ প্রধান কার্যাবলি

- ক. সৃজনশীল ও মানবিক বাংলাদেশ গড়ে তোলার ক্ষেত্র প্রস্তুতকরা, সুপ্রশিক্ষিত সংস্কৃতিকর্মী গড়ে তোলা;
- খ. সাংস্কৃতিক বিকাশের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ ও সেমিনার আয়োজন;
- গ. দেশীয় সংস্কৃতির বিকাশের লক্ষ্যে গবেষণা ও প্রকাশনা কার্যক্রম পরিচালনা;
- ঘ. সঙ্গীত, নৃত্য, নাট্যকলা, আবৃত্তি, চারণকলা, যাত্রা, পুতুলনাট্য, অ্যাক্রোবেটিক, ফটোগ্রাফি ও চলচ্চিত্র শিল্পের উন্নয়ন কার্যক্রম গ্রহণ;
- ঙ. প্রতিবন্ধী, অবহেলিত ও প্রবীণদের জন্য সাংস্কৃতিক কার্যক্রম গ্রহণ করা;
- চ. ইতিহাস ও ঐতিহ্যভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা এবং
- ছ. আন্তর্জাতিক ক্ষেত্রে সাংস্কৃতিক সহযোগিতা আদান-প্রদান।

সেকশন ২

বাংলাদেশ শিল্পকলা একাডেমির বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/ Impact)

চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Outcome/Impact)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০১৮-১৯	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম	উপাত্তসূত্র (source of Data)
			২০১৬-১৭	২০১৭-১৮		২০১৯-২০	২০২০-২১		
			১	২		৩	৪		
সৃজনশীল মানুষের সংখ্যা বৃদ্ধি	অংশগ্রহণকারীর সংখ্যা বৃদ্ধির হার	শতকরা (%)	৫০	৭৫	৮০	৮২	৮৪	বাশিএ ও জেলা প্রশাসন	রেজিস্ট্রার, ফাইল
	অনুষ্ঠানের সংখ্যা বৃদ্ধি	শতকরা (%)	৬০	৭৫	৮০	৮২	৮৪		
সাংস্কৃতিক চর্চা বৃদ্ধি	হল বরাদ্দের হার বৃদ্ধি	শতকরা (%)	৫০	৭০	৮০	৮১	৮২		
	প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ বৃদ্ধি	শতকরা (%)	৫০	৭০	৮০	৮১	৮২		

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ


কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Wait of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-১৯					প্রক্ষেপণ ২০১৯-২০	প্রক্ষেপণ ২০২০-২১
						২০১৬-১৭	২০১৭-১৮	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
						১০০%	৯০%							
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
১. হাজার বছরের বহুত্ববাদী ঐতিহ্যের ভিত্তিতে ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের মূল্যবোধের চেতনায় শিল্পসংস্কৃতির উৎকর্ষ সাধন	৫০	১.১ একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন	১.১ আয়োজিত অনুষ্ঠান	সংখ্যা	৩	৫৫৩	৫৫৩	৫৫৬	৫৫০	৫৪৪	৫৩৮	৫৩২	৫৫৬	৫৫৬
		১.২ শিল্পকলা পদক ও জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা প্রদান	১.২ যথাসময়ে পদক প্রদান	তারিখ	৩	৩০.০৬.১৬	৩০.০৬.১৭	৩০.০৬.১৮	১৫.০৭.১৮	৩০.০৭.১৮	১৫.০৮.১৮	৩০.০৮.১৮	৩০.০৬.১৯	৩০.০৬.২০
		১.৩ বাংলা নববর্ষ উদ্‌যাপন।	১.৩ আয়োজিত অনুষ্ঠান	সংখ্যা	৩	৫৫৩	৫৫৩	৫৫৬	৫৫০	৫৪৪	৫৩৮	৫৩২	৫৫৬	৫৫৬
		১.৪ দরীশ্র জন্মবার্ষিকী উদ্‌যাপন	১.৪ আয়োজিত অনুষ্ঠান	সংখ্যা	৩	৫৫৩	৫৫৩	৫৫৬	৫৫০	৫৪৪	৫৩৮	৫৩২	৫৫৬	৫৫৬
		১.৫ নজরুল জন্মবার্ষিকী উদ্‌যাপন	১.৫ আয়োজিত অনুষ্ঠান	সংখ্যা	৩	৫৫৩	৫৫৩	৫৫৬	৫৫০	৫৪৪	৫৩৮	৫৩২	৫৫৬	৫৫৬
		১.৬ মনীষী ও ডবীজনের জন্ম ও মৃত্যুবার্ষিকী উদ্‌যাপন	১.৬ আয়োজিত অনুষ্ঠান	সংখ্যা	৩	৪৩	৪৩	৫০	৪৫	৪০	৩৫	৩০	৫০	৫০
		১.৭ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন	১.৭.১ সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি বিভাগের অনুষ্ঠান আয়োজন	সংখ্যা	৩	২০	২০	২২	২১	২০	১৮	১৭	২৫	২৫
			১.৭.২ নাট্য ও চলচ্চিত্র বিভাগের অনুষ্ঠান আয়োজন	সংখ্যা	৩	২০	২০	২২	২১	২০	১৮	১৭	২৫	২৫
			১.৭.৩ বিষয়ভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন	সংখ্যা	৩	১০	১০	১২	১১	১০	৯	৮	১৩	১৫
			১.৭.৪ অ্যাকোবেটিক প্রদর্শনী	সংখ্যা	৩	৫০	৫২	৫০	৪৯	৪৮	৪৭	৪৬	৫০	৫০
			১.৭.৫ সুবিধাবাহিত, প্রতিবন্ধী ও প্রবীণদের জন্য আয়োজিত অনুষ্ঠান	সংখ্যা	৩	৩	৩	১০	৮	৬	৪	২	৩	৩
			১.৭.৬ নবান্ন উৎসব	সংখ্যা	২	৬৩	৬৪	৬৪	৬০	৫৬	৫২	৪৮	৬৪	৬৪
			১.৭.৭ শিশু কিশোরদের জন্য অনুষ্ঠান আয়োজন	সংখ্যা	২	১৫	২০	৬৭	৬২	৫৭	৫১	৪৫	৬৭	৬৭
			১.৭.৮ ঋতু ভিত্তিক অনুষ্ঠান আয়োজন	সংখ্যা	২	১	১	১	-	-	-	-	১	১


		১.৮ সমকালীন চিত্রকলা/চিত্রকর্ম সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শনী	১.৮ সমকালীন চিত্রকলা/চিত্রকর্ম সংগ্রহ ও সংরক্ষণ	সংখ্যা	২	৫০ (কর্মসূচির মাধ্যমে)	২০	২০	১৯	১৮	১৭	১৬	২০	২০
			১.৮ চারুকলা ও ফটোগ্রাফি বিষয়ক প্রদর্শনী	সংখ্যা	৩	৭	১১	১৫	১৪	১৩	১২	১১	১৫	১৫
		১.৯ ক্ষুদ্র মূগাষ্ঠীর জন্য বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন	১.৯ আয়োজিত অনুষ্ঠান	সংখ্যা	৩	১২	১২	১২	১০	৮	৬	৪	২	২
		১.১০ মুক্তিযুদ্ধ ভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠান	১.১০ আয়োজিত অনুষ্ঠান	সংখ্যা	৩	৩	৪	৫	৪	৩	২	১	৫	৫
২. শিল্পী ও সংস্কৃতিকর্মীর গুণগতমান বৃদ্ধি	১৬	২.১ বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজন	২.১.১ শিশুদের জন্য আয়োজিত প্রশিক্ষণ	সংখ্যা	২	২	২	১০	৮	৬	৪	২	১০	১০
			২.১.২ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী	সংখ্যা	২	১০০	১০০	৫০০	৪০০	৩০০	২০০	১০০	১০০	১০০
			২.১.৩ আয়োজিত প্রশিক্ষণ	সংখ্যা	২	১৪	১৪	৮	৬	৪	২	১	৮	৮
			২.১.৪ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী	সংখ্যা	২	৫০০	৮৩৭১	৬০০	৫৫০	৫০০	৪৫০	৪০০	৭০০	৮০০
	২.২ জেলাতে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ	২.২.১ শিক্ষা প্রতিষ্ঠানে আয়োজিত প্রশিক্ষণ	সংখ্যা	২	২১০	৫২৫	১৫৭৫	১৪৭৫	১৩৭৫	১২৭৫	১১৭৫	১৫৭৫	১৫৭৫	
		২.২.২ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী	সংখ্যা	২	৭০০০	২৬২৫০	৭৮৭৫০	৭৩৭৫০	৬৮৭৫০	৬৩৭৫০	৫৮৭৫০	৭৮৭৫০	৭৮৭৫০	
		২.২.৩ জেশিএ তে প্রশিক্ষণ	সংখ্যা	২	৩১৫	৩১৫	৩১৫	৩১০	৩০৫	৩০০	২৯৫	৩১৫	৩১৫	
		২.২.২ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী	সংখ্যা	২	১৫৭৫০	১৫৭৫০	১৫৭৫০	১৫৫০০	১৫২৫০	১৫০০০	১৪৭৫০	১৫৭৫০	১৫৭৫০	
৩. শিল্পসংস্কৃতির আবহ তৈরি করা	৯	৩.১ জেলা শিল্পকলা একাডেমিতে চলাচিএ প্রদর্শনী	৩.১ আয়োজিত অনুষ্ঠান	সংখ্যা	২	৬৩	১২৬	১২৬	১২০	১১৪	১০৮	১০২	১২৬	১২৬
		৩.২ উপজেলা ও জেলা শিল্পকলা একাডেমিতে বই/সিডি প্রেরণ	৩.২ প্রেরণ	সংখ্যা	২	৬৩	১২৬	১২৬	১২০	১১৪	১০৮	১০২	১২৬	১২৬
		৩.৩ সৃজনশীল ও গবেষণামূলক পাত্তুলিপি প্রকাশ	৩.৪ মুদ্রণ	সংখ্যা	২	৫	৭	২	১	-	-	-	৩	৩
		৩.৪ ক্যাটালগ ও তথ্য মূলক প্রকাশনা	৩.৫ মুদ্রণ	সংখ্যা	২	৩	৩	৩	২	১	-	-	৩	৩
		৩.৫ পত্রিকা প্রকাশ	৩.৬ মুদ্রণ	সংখ্যা	১	১৫	১৫	১২	১০	০৮	০৬	০৪	১২	১২


আমি মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।


আমি সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে বাংলাদেশ শিল্পকলা একাডেমির নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:


মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি


তারিখ


সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়


তারিখ

শব্দসংক্ষেপ (Acronyms)

ক্রমিক নং	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১.	সবিম	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
২.	বাশিএ	বাংলাদেশ শিল্পকলা একাডেমি
৩.	জেপ্রা	জেলা প্রশাসন
৪.	জেশিএ	জেলা শিল্পকলা একাডেমি
৫.	উপ্রা	উপজেলা প্রশাসন
৬.	উশিএ	উপজেলা শিল্পকলা একাডেমি

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

ক্রমিক নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী ইউনিট	পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র	সাধারণ মন্তব্য
১.	১.১ একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন	১.১ আয়োজিত অনুষ্ঠান	কেন্দ্রীয়ভাবে ঢাকায়, জেশিএ এবং উশিএ-তে একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন	বাশিএ, জেপ্র এবং উপ্র	বাশিএ'র বুলেটিন, জেলা ও উপজেলা শিল্পকলা একাডেমির মনিটরিং রিপোর্ট, ঘোষণা পত্র, স্মারক, ছবি, ভিডিও	
২.	১.২ শিল্পকলা পদক ও জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা প্রদান	১.২ পদক প্রদান	কেন্দ্রীয়ভাবে ঢাকায় এবং জেশিএ-তে সম্মাননা প্রদান	বাশিএ, জেপ্র	বাশিএ'র বুলেটিন ও সম্মাননা স্মারক এবং জেলা ও উপজেলা শিল্পকলা একাডেমির মনিটরিং রিপোর্ট	
৩.	১.৩ বাংলা নববর্ষ উদযাপন	১.৩ আয়োজিত অনুষ্ঠান	কেন্দ্রীয়ভাবে ঢাকায়, জেশিএ এবং উশিএ-তে বাংলা নববর্ষ উদযাপন	বাশিএ, জেপ্র এবং উপ্র	বাশিএ'র বুলেটিন, জেলা ও উপজেলা শিল্পকলা একাডেমির মনিটরিং রিপোর্ট, ঘোষণা পত্র, স্মারক, ছবি, ভিডিও	
৪.	১.৪ রবীন্দ্র জন্মবার্ষিকী উদযাপন	১.৪ আয়োজিত অনুষ্ঠান	কেন্দ্রীয়ভাবে ঢাকায়, জেশিএ এবং উশিএ-তে রবীন্দ্র জন্মবার্ষিকী উদযাপন	বাশিএ, জেপ্র এবং উপ্র		
৫.	১.৫ নজরুল জন্মবার্ষিকী উদযাপন	১.৫ আয়োজিত অনুষ্ঠান	কেন্দ্রীয়ভাবে ঢাকায়, জেশিএ এবং উশিএ-তে নজরুল জন্মবার্ষিকী উদযাপন	বাশিএ		
৬.	১.৬ মনীষী ও গুণীজনদের জন্ম ও মৃত্যুবার্ষিকী উদযাপন	১.৬ আয়োজিত অনুষ্ঠান	কেন্দ্রীয়ভাবে ঢাকায় মনীষী ও গুণীজনদের জন্ম ও মৃত্যুবার্ষিকী উদযাপন	বাশিএ	বাশিএ'র বুলেটিন, ঘোষণা পত্র, স্মারক, ছবি, ভিডিও	
৭.	১.৭ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন	১.৭.১ সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি বিভাগের অনুষ্ঠান আয়োজন	কেন্দ্রীয়ভাবে ঢাকায়, জেশিএ এবং উশিএ-তে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন	বাশিএ, জেপ্র এবং উপ্র	বাশিএ'র বুলেটিন, জেলা ও উপজেলা শিল্পকলা একাডেমির মনিটরিং রিপোর্ট, ঘোষণা পত্র, স্মারক, ছবি, ভিডিও	
১.৭.২ নাট্য ও চলচ্চিত্র বিভাগের অনুষ্ঠান আয়োজন						
১.৭.৩ বিষয়ভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন						
১.৭.৪ অ্যাক্রোবেটিক প্রদর্শনী						
১.৭.৫ সুবিধাবঞ্চিত, প্রতিবন্ধী ও প্রবীণদের জন্য আয়োজিত অনুষ্ঠান						
১.৭.৬ নবান্ন উৎসব						
১.৭.৭ শিশু, কিশোরদের জন্য অনুষ্ঠান আয়োজন						
১.৭.৮ ঋতু ভিত্তিক অনুষ্ঠান আয়োজন						
৮.	১.৮ সমকালীন চিত্রকলা/ চিত্রকর্ম সংগ্রহ ও সংরক্ষণ	১.৮.১ সমকালীন চিত্রকলা/ চিত্রকর্ম সংগ্রহ ও সংরক্ষণ	কেন্দ্রীয়ভাবে ঢাকায়	বাশিএ	বাশিএ'র বুলেটিন, ঘোষণা পত্র, স্মারক, ছবি, ভিডিও	
১.৮.২ চারুকলা ও ফটোগ্রাফি বিষয়ক প্রদর্শনী						
৯.	১.৯ ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন	১.৯ আয়োজিত অনুষ্ঠান	কেন্দ্রীয়ভাবে ঢাকায় ও জেলা শিল্পকলা একাডেমি সমূহে ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন	বাশিএ		

১০.	১.১০ মুক্তিযুদ্ধ ভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠান	১.১০ আয়োজিত অনুষ্ঠান	কেন্দ্রীয়ভাবে ঢাকায় মুক্তিযুদ্ধ ভিত্তিক পরিবেশ থিয়েটার	বাশিএ	
১১.	২.১ বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজন	২.১.১ শিশুদের জন্য আয়োজিত অনুষ্ঠান	কেন্দ্রীয়ভাবে ঢাকায় প্রশিক্ষণ আয়োজন	বাশিএ এবং জেপ্র	
		২.১.২ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী	বাশিএ-তে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী	বাশিএ এবং জেপ্র	
		২.১.৩ আয়োজিত অনুষ্ঠান	কেন্দ্রীয়ভাবে ঢাকায় এবং জেশিএ-তে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজন		
		২.১.৪ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী	বাশিএ-তে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী		
১২.	২.২ জেলাতে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ	২.১.১ আয়োজিত অনুষ্ঠান	জেশিএ-তে আয়োজিত অনুষ্ঠান	জেপ্র	বাশিএ'র বুলেটিন, জেলা শিল্পকলা একাডেমির মনিটরিং রিপোর্ট, ঘোষণা পত্র, স্মারক, ছবি, ভিডিও
		২.১.২ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী	জেশিএ-তে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী	জেপ্র	
		২.১.৩ জেশিএ তে প্রশিক্ষণ			
		২.১.৪ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী			
১৩.	৩.১ জেলা শিল্পকলা একাডেমিতে চলচ্চিত্র প্রদর্শনী	৩.১ আয়োজিত অনুষ্ঠান	জেশিএ-তে আয়োজিত অনুষ্ঠান	জেপ্র	বাশিএ'র বুলেটিন, জেলা শিল্পকলা একাডেমির মনিটরিং রিপোর্ট, ঘোষণা পত্র, স্মারক, ছবি, ভিডিও
১৪.	৩.২ উপজেলা ও জেলা শিল্পকলা একাডেমিতে বই/ সিডি প্রেরণ	৩.২ প্রেরণ	জেশিএ এবং উশিএ-তে বাদ্যযন্ত্র ও বই প্রেরণ	উশিএ, জেশিএ ও বাশিএ	বাশিএ'র বুলেটিন, জেলা ও উপজেলা শিল্পকলা একাডেমির মনিটরিং রিপোর্ট, ঘোষণা পত্র, স্মারক, ছবি, ভিডিও
১৫.	৩.৩ সৃজনশীল ও গবেষণামূলক পান্ডুলিপি প্রকাশ	৩.৪ মুদ্রণ			
১৬.	৩.৪ ক্যাটালগ ও তথ্যমূলক প্রকাশনা	৩.৫ মুদ্রণ			
১৭.	৩.৫ পত্রিকা প্রকাশ	৩.৬ মুদ্রণ			

সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্ম সম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা	চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
মন্ত্রিপরিষদ বিভাগ	জেলা এবং উপজেলাসমূহে অনুষ্ঠান আয়োজন	আয়োজিত অনুষ্ঠান	জেলা এবং উপজেলায় অনুষ্ঠানসমূহ জেলা প্রশাসনের মাধ্যমে আয়োজন করা হয়। তাই সার্বিক সহযোগিতা কাম্য	জেলা শিল্পকলা একাডেমি এবং উপজেলা শিল্পকলা একাডেমির গঠনতন্ত্র মোতাবেক জেলা প্রশাসক জেলার এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলা শিল্পকলা একাডেমির সভাপতি তাই সার্বিক সহযোগিতা প্রয়োজন	এপিএ অনুযায়ী কর্মসূচি বাস্তবায়ন সম্ভব হবে না
স্বরাষ্ট্র মন্ত্রণালয়	ঢাকা, জেলা এবং উপজেলাসমূহের অনুষ্ঠানে নিরাপত্তা	অনুষ্ঠানে নিরাপত্তা	ঢাকা, জেলা এবং উপজেলাসমূহের অনুষ্ঠানে নিরাপত্তা প্রদান করা	অনুষ্ঠান সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিরাপত্তার প্রয়োজন	নিরাপত্তার অভাবে যেকোন ধরনের দুর্ঘটনা ঘটতে পারে

